
International
Labour
Organization



কোভিড-১৯ মহামারীর সময় এবং পরবর্তী কালে স্বাভাবিক অবস্থা ফিরিয়ে আনার সক্ষমতা তৈরী।

কোভিড-১৯ নির্দেশিকা এবং পদক্ষেপ সমুহের তালিকা

পোশাক কারখানা ও পরিচালকদের জন্য

# আপনার শ্রমিকদের সাথে যোগাযোগ করুন

এই নির্দেশনাটি কোভিড-১৯ মহামারী চলাকালীন সময়ে এবং এর পরবর্তী সময়ে কারখানার পরিবেশ আরো সংবেদনশীল এবং উৎপাদনশীল করার জন্য একটি ভাল অভ্যন্তরীণ যোগাযোগ বা তথ্য আদান প্রদান ব্যবস্থা স্থাপন করতে এবং তা বজায় রাখতে কারখানার পরিচালকদের সহায়তা করবে।

## সূচনা

অন্তর্ভুক্ত : কাজের তালিকা

**এই নির্দেশনায়ঃ**

- কোভিড-১৯ এবং অভ্যন্তরীণ যোগাযোগ বা তথ্য আদান প্রদানের গুরুত্ব।
- একটি ভাল কারখানা পরিচালনা পদ্ধতি এবং কর্মস্থল ।
- ভাল যোগাযোগ ব্যবস্থা বজায় রাখার মূল পদক্ষেপসমূহ।

## ১. কোভিড-১৯ এবং অভ্যন্তরীণ যোগাযোগ বা তথ্য আদান প্রদানের গুরুত্ব

কোভিড-১৯ সঙ্কটের ফলে শ্রমিকদের সাথে দ্রুত এবং নিয়মিত যোগাযোগ বা তথ্য আদান প্রদান করা আপনার জন্য বিশেষ গুরুত্বপূর্ণ হয়ে উঠেছে। । এই অনিশ্চিয়তার সময়ে, মানুষ তাদের স্বাস্থ্য, ভবিষ্যত বা কর্মক্ষেত্রের পরিবর্তন নিয়ে চিন্তিত হতে পারে। আপনি দেখতে পাবেন যে, মানুষ স্বাভাবিকের চেয়ে বেশি চাপে বা বিপর্যস্ত অবস্থায় আছে এবং এসময় সহজেই ভুল তথ্য প্রচার হয়। দুর্বল অভ্যন্তরীণ যোগাযোগ বা তথ্য আদান প্রদান ব্যবস্থার ফলে অদক্ষতা, দুশ্চিন্তা এবং উদ্বেগ তৈরী হয় যা আপনার ব্যবসায় নেতিবাচকভাবে প্রভাবিত করতে পারে।

বর্তমান সংকট মোকাবিলা করা এবং পরিবর্তিত পরিস্থিতিতে দ্রুত সাড়া দেয়ার জন্য জন্য গুরুত্বপূর্ণ



শ্রমিকদের সাথে আপনার নিয়মিত যোগাযোগ বা তথ্য আদান প্রদানের পাশাপাশি, এটা তাদের জন্য গুরুত্বপূর্ণ যে তারা যেন আপনার সাথে তথ্য আদান প্রদান করতে স্বাচ্ছন্দ্যবোধ এবং নিরাপদ বোধ করে। আপনার শ্রমিকদের উদ্বেগ এবং পরামর্শগুলো সময় মত বুঝে পরিস্থিতিটি কত দ্রুত এবং কার্যকরভাবে সামলাতে পারবেন তার উপর একটি বড় প্রভাব ফেলে। এটি আপনাকে ছোট ছোট সমস্যাগুলি বড় হওয়ার আগেই সেগুলো সমাধান করতে সহায়তা করবে।

কোভিড-১৯ মহামারীর সময় এবং এর পরবর্তী সময়ে আপনার শ্রমিকদের সাথে ভাল যোগাযোগ বজায় রাখলে:

- কর্মস্থল আরো নিরাপদ রাখার ব্যবস্থা করা যায়।
- গুজব বা ভুল তথ্য ছড়িয়ে পরা নিয়ন্ত্রণে সহায়তা করা যায়।
- ভুল বোঝাবুঝি এবং বিরোধ কমানোর ব্যবস্থা করা যাবে।
- কারখানায় যেসকল পরিবর্তন আনা প্রয়োজন হতে পারে এবং এর সম্ভাব্য কারণ সম্পর্কে শ্রমিকদের / পরিচালকদের বোঝার সক্ষমতা বৃদ্ধি করা ।
- কোভিড-১৯ নিয়ে কাজ করার সময় শ্রমিক এবং পরিচালকদের মধ্যে একত্রিত এবং প্রতিজ্ঞাবদ্ধ হয়ে কাজ করার ধারণা প্রদান করে ।
- উৎপাদনের মান ও কর্ম দক্ষতা বৃদ্ধি করা যায়। ।


## ২. একটি কারখানা পরিচালনার ভাল পদ্ধতি এবং কর্মস্থল

ভাল অভ্যন্তরীণ যোগাযোগ বা তথ্য আদান প্রদনের ব্যবস্থা কেবলমাত্র বর্তমান সংকট মোকাবিলা করার জন্যই গুরুত্বপূর্ণ নয়, একই সাথে এটি আপনার ব্যবসাকে পরিবর্তিত পরিস্থিতিতে দ্রুত সাড়া দিতে এবং দীর্ঘমেয়াদী পরিচালনা পদ্ধতি উন্নত করতেও সহায়তা করতে পারে। এর মধ্যে টার্নওভার হ্রাস, উৎপাদন বৃদ্ধি এবং উৎপাদন মান উন্নয়ন অন্তর্ভুক্ত রয়েছে- এগুলো সবই কারখানার ব্যবসার জন্য ভাল ফলাফল নিয়ে আসে।

এছাড়াও, কারখানার পরিচালক এবং শ্রমিকদের মধ্যে ভাল দ্বি-মুখী যোগাযোগ বা তথ্য আদান প্রদান ব্যবস্থা কর্মস্থলে আরও ভাল কাজের পরিবেশ তৈরী করতে উৎসাহ দেয়ার এবং সম্পর্ক উন্নত করার কার্যকর উপায়।

ভাল অভ্যন্তরীণ যোগাযোগ বা তথ্য আদান প্রদান ব্যবস্থা স্থাপন করা এবং বজায়

রাখার প্রধান সুবিধাসমূহ :




## ৩. কাজ শুরুর জন্য প্রস্তুতি গ্রহণ

যেহেতু আমরা আপনার কারখানার কার্যক্রম পরিচালনার জন্য ভাল তথ্য আদান প্রদান ব্যবস্থা চালু রাখার মূল সুবিধাগুলি পর্যালোচনা করেছি, নিম্নলিখিত পদক্ষেপগুলি কোভিড-১৯ মহামারী চলাকালীন এবং পরবর্তী সময়ে আপনার কারখানার অভ্যন্তরীণ যোগাযোগ ব্যবস্থা উন্নত করতে সহায়তা করতে পারে।

কোভিড-১৯ মহামারীর সময় এবং পরবর্তী কালে স্বাভাবিক অবস্থা ফিরিয়ে আনার সক্ষমতা তৈরী।



# কর্মস্থলে যোগাযোগ বা তথ্য আদান প্রদান ব্যবস্থা উন্নত করার জন্য পোশাক কারখানাগুলো ৬ টি পদক্ষেপ নিতে পারে।

**০১ কোন কোন ব্যক্তির সাথে যোগাযোগ বা তথ্য আদান প্রদান করতে হবে তা নির্ধারণ করুন**
যে সকল গুরুত্বপূর্ণ ব্যক্তি এবং অঙ্গসংগঠন কে তথ্য জানানো উচিত তাদের তালিকা তৈরি করুন।

**০২ কি বিষয়ে যোগাযোগ বা তথ্য আদান প্রদান করবেন তা নির্ধারণ করুন**
আপনার লক্ষ্যিত ব্যক্তিদের যে তথ্যগুলো জানানো প্রয়োজন তা নির্ধারণ করুন।

**০৩ আপনি কিভাবে যোগাযোগ বা তথ্য প্রদান করবেন তা নির্ধারণ করুন**
তথ্য জানানোর জ্ন্য জন্য উপযুক্ত মাধ্যম ব্যবহার করুন।

**০৪ নিশ্চিত করুন আপনি সঠিকভাবে তথ্য আদান প্রদান করেছেন**
সৎ, ধীর স্থির এবং সম্পষ্টভাবে তথ্য আদান প্রদান করুন।

**০৫ আপনার সহায়তা সম্পর্কে তথ্য জানান**
আপনার শ্রমিকদের প্রয়োজনের প্রতি মনোযোগী এবং দায়িত্বশীল হন।

**০৬ পরবর্তী বিষয় সম্পর্কে খোঁজ খবর রাখুন এবং প্রস্তুতি গ্রহণ করুন**
দীর্ঘমেয়াদী যোগাযোগ বা তথ্য আদান প্রদান ব্যবস্থা উন্নত করুন ও বজায় রাখুন ।

# পদক্ষেপগুলো কার্যকর করা: কারখানার তালিকা

## ১। কোন কোন ব্যক্তির সাথে যোগাযোগ বা তথ্য আদান প্রদান করতে হবে তা নির্ধারণ করুন

আপনার অভ্যন্তরীণ যোগাযোগ বা তথ্য আদান প্রদান ব্যবস্থা উন্নত করার প্রথম পদক্ষেপটি হলো কারখানায় কাদের সাথে যোগাযোগ বা তথ্য আদান প্রদান করতে হবে তা বিবেচনা করা। পোশাক কারখানার সাধারণ অংশীদারদের মধ্যে বিভিন্ন শ্রমিক দল (সাহায্যকারী, নর্দমা পরিষ্কারক, পরিচ্ছন্নতা কর্মী, রাঁধুনি, পরিচালক) , একই সাথে কর্মস্থলের কমিটি যেমন সুরক্ষা কমিটি, শ্রমিকদের প্রতিনিধি এবং ইউনিয়ন অন্তর্ভুক্ত রয়েছে।

| কার্যক্রম | সহজে বাস্তবায়নযোগ্য | সময়কাল | যাচাই করুন ✓ |
|---|---|---|---|
| এই সংকট চলাকালীন সময়ে অংশীদারদের কোন কোন দলের সাথে আপনাকে যোগাযোগ বা তথ্য আদান প্রদান করতে হবে তার একটি তালিকা তৈরি করুন. | ✓✓✓ | ››› স্বল্প মেয়াদী | ☐ |
| প্রতিটি আলাদা আলাদা দলের উপর এসব তথ্য কিভাবে প্রভাব ফেলে তা বিবেচনা করুন (মহিলা, গর্ভবতী মহিলা, অভিবাসী এবং প্রতিবন্ধী ব্যক্তিরা)। | ✓✓ | ››› স্বল্প মেয়াদী | ☐ |

## ২। কি বিষয়ে যোগাযোগ বা তথ্য প্রদান করবেন তা নির্ধারণ করুন

দ্বিতীয়ত, যোগাযোগ বা তথ্য আদান প্রদান করার সময় আপনার কোন ধরনের তথ্য প্রয়োজন তা সম্পর্কে আপনার পরিষ্কার ধারণা রয়েছে তা নিশ্চিত করুন। কোভিড-১৯ সংকট থেকে সৃষ্ট পরিবর্তনের কারণে আপনার কারখানায় যোগাযোগ বা তথ্য আদান প্রদান করার জন্য আপনাকে অনেক বেশি নতুন তথ্য ব্যবহার করতে হবে। আপনাকে কিছু বিষয় সম্পর্কে আপনার শ্রমিকদের জানানোর প্রয়োজন হতে পারে সেগুলোর মধ্যে রয়েছে:

- স্বাস্থ্যকর পদক্ষেপ (যেমন: হাত ধোয়া, মুখোশ পরা ইত্যাদি) সম্পর্কিত পরামর্শ এবং কর্মস্থলে সামাজিক-দূরত্ব বজায় রাখার অভ্যাস তৈরি করা।
- শ্রমিক বা তাদের পরিবারের সদস্যরা অসুস্থ হলে কী করতে হবে তার নিয়ম সম্পর্কে জানানো।
- যে সকল শ্রমিক কোভিড-১৯ এ আক্রান্ত বা কোভিড -১৯ এর মতো লক্ষণ রয়েছে তাদের জন্য কোন ধরনের ছুটির সুবিধা রয়েছে এবং শ্রমিকরা কিভাবে এই সুবিধাগুলো পেতে পারে সে সম্পর্কে তাদের জানাতে হবে।
- কিভাবে কারখানা জীবাণুমুক্ত করা হচ্ছে তা সম্পর্কে শ্রমিকদের জানানো।
- নতুন গ্রাহক, ক্রয় আদেশ এবং সময়সীমা সম্পর্কে শ্রমিকদের জানানো।

| কার্যক্রম | সহজে বাস্তবায়নযোগ্য | সময়সীমা | যাচাই করুন ✓ |
|---|---|---|---|
| আপনাকে কোন বিষয়ে যোগাযোগ বা তথ্য আদান প্রদান করতে হবে তা নির্ধারণ করুন, যেমন কারখানার নিয়মে সাময়িক পরিবর্তন, সামাজিক দূরত্বের ব্যবস্থা বা নতুন ক্রয় আদেশ। | ✓✓✓ | ››› স্বল্প মেয়াদী | ☐ |
| আপনি যে সকল বিষয়ে তথ্য আদান প্রদান করছেন তা সঠিক কিনা সে সম্পর্কে আগেই নিশ্চিত হোন। আপনি কি জানেন যে আপনি যা বলছেন তা সত্য, বা এটি একটি গুজব কিনা? | ✓✓ | ››› স্বল্প মেয়াদী | ☐ |
| আপনার তথ্যসমূহ সকলকে জানানোর জন্য প্রস্তুত কিনা তা নিশ্চিত করুন। যদি আপনি নতুন নিয়ম বা নীতিমালা চালু করার পরিকল্পনা করে থাকেন তাহলে সবকিছু প্রস্তুত আছে কিনা তা দেখুন? উদাহরণস্বরূপ, আপনি যদি হাত ধোয়ার পদ্ধতির বিষয়ে একটি নতুন নীতিমালা ঘোষণা করার পরিকল্পনা করে থাকেন,তবে নিশ্চিত হয়ে নিন যেন আপনার পর্যাপ্ত পরিমাণ সাবান এবং বেসিনের ব্যবস্থা আছে, যাতে আপনার নীতিমালাটি ঘোষণা করার পর আপনি তাৎক্ষণিকভাবে এটি বাস্তবায়ন করতে পারেন। | ✓✓ | ››› স্বল্প মেয়াদী | ☐ |
| আপনার যোগাযোগ বা তথ্যে আদান প্রদান শ্রমিকদের উপর কি ধরণের প্রভাব ফেলছে তা বিবেচনা করুন। তাদের কোন ধরনের প্রশ্ন বা সমস্যা থাকতে পারে সে সম্পর্কে চিন্তা করতে পারেন। সক্রিয় থাকুন যাতে আপনি তাদের উত্তর দেওয়ার জন্য প্রস্তুত থাকতে পারেন। | ✓✓ | ››› স্বল্প মেয়াদী | ☐ |
| বড় ধরনের ঘোষণার ক্ষেত্রে, যেমন কারখানার কার্যক্রম সাময়িকভাবে কমে যাওয়া, আপনি অভ্যন্তরীণভাবে কারখানার বিভিন্ন বিভাগের কাছ থেকে তাদের প্রতিক্রিয়াগুলি আগে থেকেই জেনে নিতে পারেন। এটি আপনাকে শ্রমিকদের দৃষ্টিভঙ্গি সম্পর্কে আরো ভালভাবে বুঝতে সহায়তা করবে এবং তাদের জন্য | ✓✓ | ››› স্বল্প মেয়াদী | ☐ |

| | | | |
|---|---|---|---|
| উপযুক্ত তথ্য প্রদান করতে আপনাকে সাহায্য করবে। | | | |

## ৩। আপনি কিভাবে যোগাযোগ বা তথ্য আদান প্রদান করবেন তা নির্ধারণ করুন

তথ্য গ্রহণকারীর জন্য উপযুক্ত উপায়ে তথ্য প্রদান করার উপর নির্ভর করে কার্যকর যোগাযোগ বা তথ্য প্রদান ব্যবস্থা এবং আপনি যে তথ্যটি তাকে জানাতে চান তা জানানোর জন্য এটিই সঠিক পদ্ধতি ।

কারখানায় তথ্য আদান প্রদনের সাধারণ পদ্ধতির মধ্যে প্রতীক, নোটিশ বোর্ড, শিক্ষামূলক পোস্টার, লাইন সভা, কর্মস্থল কমিটি, বেতন-রশিদের সাথে দেয়া ঘোষণাপত্র, অনানুষ্ঠানিক আলোচনা, পাবলিক এড্রেস (পিএ) সিস্টেম, চারপাশে হেটে হেঁটে জানানো , শ্রমিক ইউনিয়ন এবং প্রশিক্ষণ ও কর্মশালা অন্তর্ভুক্ত রয়েছে।

| কার্যক্রম | সহজে বাস্তবায়নযোগ্য | সময়সীমা | যাচাই করুন ✓ |
|---|---|---|---|
| আপনার কারখানার বিভিন্ন দলের লোককে তথ্য প্রদানের জন্য কোন ধরণের মাধ্যম সবচেয়ে ভাল তা সতর্কতার সাথে বিবেচনা করুন। এর মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে গর্ভবতী মহিলা, অভিবাসী এবং প্রতিবন্ধী ব্যক্তি যাদের যোগাযোগ বা তথ্য প্রদানের জন্য আলাদা মাধ্যম প্রয়োজন হতে পারে। উদাহরণ স্বরূপ:<br>▶ তথ্য গ্রহণকারীরা কি আপনার ভাষা বলতে পারে? তারা কি পড়তে পারে?<br>▶ তাদের কি শিশু যত্ন বা পরিবহন সংক্রান্ত কোন সমস্যা হবে?<br>▶ কাজের বাইরে কি তাদের অন্য কোন বাধ্যবাধকতা রয়েছে যে কারণে আপনার তথ্য গ্রহণ করতে পারে কিনা তা প্রভাবিত করতে পারে? | ✓✓ | ⋙ স্বল্প মেয়াদী | ☐ |
| নিশ্চিত করুন যে, আপনি আপনার শ্রমিকদের তথ্য আদান প্রদানর জন্য এমন মাধ্যমের ব্যবস্থা করেছেন যার দ্বারা তারা প্রতিক্রিয়া জানাতে পারে, প্রশ্ন জিজ্ঞাসা করতে পারে বা তাদের উদ্বেগগুলো আপনার কাছে প্রকাশ করতে পারে। | ✓✓ | ⋙ স্বল্প মেয়াদী | ☐ |
| তথ্য প্রদানের নতুন মাধ্যমগুলো শক্তিশালী বা প্রতিষ্ঠিত করুন। এর মধ্যে শ্রমিকদের কমিটি, পরামর্শ বাক্স, নিয়মিত সভা, পিএ সিস্টেম এর মাধ্যমে ঘোষণা, পোস্টার এবং আরও অনেক কিছু অন্তর্ভুক্ত থাকতে পারে। | ✓✓ | ⋙ ⋙ মধ্য মেয়াদী | ☐ |

## ৪। নিশ্চিত করুন আপনি সঠিকভাবে তথ্য প্রদান করেছেন

শ্রমিকদের তথ্য প্রদানের সময় , আপনাকে স্পষ্ট শান্ত এবং স্বচ্ছ হতে হবে। শ্রমিকদের সাথে আপনার আস্থা তৈরি এবং দ্বি-মুখী তথ্য আদান প্রদানের ব্যবস্থার উন্নতি করতে হবে। এখানে আপনাকে তথ্য আদান প্রদানের সময় শ্রমিকদের মতামত খোলা মন নিয়ে শুনতে হবে ।

| কার্যক্রম | সহজে বাস্তবায়নযোগ্য | সময়সীমা | যাচাই করুন ✓ |
|---|---|---|---|
| সৎ এবং স্পষ্টভাবে আপনাকে তথ্য আদান প্রদান করতে হবে। কিছু দেশে, শ্রমিকদের সামনে মাথা নিচু না হয়ে যাওয়ার বিষয়টা গুরুত্বপূর্ণ । এটি মাথায় রেখে, যতটা পারেন স্বচ্ছ হওয়ার চেষ্টা করুন। সম্পূর্ণ সত্য নয় এমন কোন বিবৃতি বা প্রতিশ্রুতি দেবেন না। | ✓✓✓ | ⋙ স্বল্প মেয়াদী | ☐ |
| শান্ত থকুন এবং ধৈর্য ধারন করুন। কোন সঙ্কটের সময়, আপনাকে শ্রমিকদের কাছে এমন বার্তা দিতে হবে যা তাদের মন খারাপ করে দিতে পারে। তাদের সাথে রাগ না করার চেষ্টা করুন এবং যদি এমন ঘটে তবে আপত্তিকর বা অভদ্র ভাষা ব্যবহার করা বা আচরণ করা এড়িয়ে চলুন। | ✓✓ | ⋙ স্বল্প মেয়াদী | ☐ |
| যোগাযোগ বা তথ্য আদান প্রদান দ্বি-মুখী হওয়া উচিত। আপনার শ্রমিকরা আপনার সাথে কি বিষয়ে কথা বলছে তা ভালভাবে শোনার জন্য সময় নিন। | ✓✓ | ⋙ স্বল্প মেয়াদী | ☐ |
| কিভাবে আপনি তথ্য আদান প্রদান করবেন সেদিকে খেয়াল রাখবেন ,কথা বলার সময় দৃষ্টি সংযোগ করুন, দ্রুত কথা বলবেন না এবং আপনার শারীরিক ভাষার প্রতি খেয়াল রাখুন। | ✓✓ | ⋙ স্বল্প মেয়াদী | ☐ |

| | | | |
|---|---|---|---|
| | | | |

## ৫। আপনার সহায়তা সম্পর্কিত তথ্য জানান

মনে রাখবেন যে, আপনার কার্যক্রমগুলোর মাধ্যমেও একভাবে তথ্য আদান প্রদান হয়ে থাকে। কোভিড-১৯ মহামারীটি আপনার কারখানার পাশাপাশি আপনার শ্রমিকদের ব্যক্তিগত জীবনেও মারাত্মক ক্ষতি করতে পারে। এখন পারস্পরিক নির্ভরশীলতা, বিশ্বাস তৈরি করা এবং একসাথে সংকট কাটিয়ে উঠার সময়।

| কার্যক্রম | সহজে বাস্তবায়নযোগ্য | সময়সীমা | যাচাই করুন ✓ |
|---|---|---|---|
| , তথ্য আদান প্রদানের বিভিন্ন মাধ্যমের দ্বারা শ্রমিকদের উদ্বেগের কথা শোনার জন্য আপনাকে সহজে পাওয়া যাবে,তা সবাইকে অবহিত করুন। এর মধ্যে রয়েছে শ্রমিকদের বিদ্যমান অভিযোগ দাখিল প্রক্রিয়ার নিয়মের কথা মনে করিয়ে দেওয়া, মন্তব্যের বক্সগুলো নিয়মিত পর্যালোচনা করা এবং শ্রমিক প্রতিনিধিদের সাথে নিয়মিত দেখা করা। | ✓✓✓ | »»» স্বল্প মেয়াদী | ☐ |
| এই সঙ্কটের সময়ে শ্রমিকদের সহায়তা করার আপনার প্রতিশ্রুতি পুনরায় নিশ্চিত করার জন্য হাতে বিলি করার কাগজ, নোটিশ বোর্ড, পোস্টার, লাইন সভা, কর্মস্থলের কমিটি, বেতন-রশিদের সাথে সংযুক্ত ঘোষণা, কথোপকথন, পিএ সিস্টেম, ইউনিয়ন এবং অন্যান্য মাধ্যমগুলো ব্যবহার করুন। | ✓✓ | »»» স্বল্প মেয়াদী | ☐ |
| আপনার শ্রমিকদের উদ্বেগগুলোর প্রতি ইতিবাচকভাবে সাড়া দিন এবং যথাযথ ব্যবস্থা গ্রহণ করুন। | ✓✓ | »»» স্বল্প মেয়াদী | ☐ |

## ৬। পরবর্তী বিষয়গুলো সম্পর্কে জানুন এবং প্রস্তুতি গ্রহণ করুন

পরিশেষে, এই সংকট চলাকালীন সময়ে এবং এর পরবর্তী সময়েও বিভিন্ন বিষয় সম্পর্কে জানার চেষ্টা করুন। কোভিড-১৯ মহামারীর প্রভাব আপনার প্রতিষ্ঠানের ইতিহাসে অতুলনীয় হতে পারে, তবে ভবিষ্যতের সঙ্কটের ঝুঁকি থেকে যাবে, তাই বিপর্যয় মোকাবিলার দীর্ঘমেয়াদী সক্ষমতা তৈরি করার জন্য বর্তমান অভিজ্ঞতা থেকে শিক্ষা নেয়া প্রয়োজন।

| কার্যক্রম | সহজে বাস্তবায়নযোগ্য | সময়সীমা | যাচাই করুন ✓ |
|---|---|---|---|
| কোভিড-১৯ প্রাদুর্ভাবের সময় এবং এর পরে কোন ধরণের তথ্য ভালে ভাবে জানানো হয়েছে এবং কোন গুলোর ক্ষেত্রে আরো ভালো করা যেত তা লিখে রাখুন । | ✓✓✓ | »»» স্বল্প মেয়াদী | ☐ |
| কারখানার জন্য বিপর্যয় মোকাবিলা করার সক্ষমতার একটি কৌশল এবং পরিকল্পনা তৈরি করুন। নিশ্চিত করুন যেন, এই নথিপত্রটি তৈরি করার সময় আপনি তথ্য আদান প্রদানের বিষয়টি বিবেচনা করেছেন এবং কোভিড-১৯ এর সময় আপনি যে পরিস্থিতির সম্মুখীন হয়েছিলেন তা থেকে আপনি যা শিখেছেন সেগুলো অন্তর্ভুক্ত করুন। | ✓✓ | »»» স্বল্প মেয়াদী | ☐ |

আইএলও এন্টারপ্রাইজ বিভাগ, সুইডেন সরকারের অর্থায়নে, **ডিসেন্ট ওয়ার্ক ইন দা গার্মেন্ট সেক্টর সাপ্লাই চেইন ইন এশিয়া** প্রকল্পের জন্য এই নির্দেশিকাটি তৈরি করেছে।

কোভিড-১৯ মহামারীর সময় কার্যক্রম পরিচালনা করার জন্য আরো নির্দেশনাবলী এবং তথ্য পেতে দেখুন;

- ilo.org/covid19


**Decent Work Technical Support Team for East and South-East Asia and the Pacific**

United Nations Building, 10th Floor

Rajdamnern Nok Avenue,

Bangkok 10200, Thailand

Tel.: 662 288 1234 Fax. 662 288 3058

Email: BANGKOK@ilo.org


DECENT WORK

A better world starts here.